



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১১৮৭১৫১/ ২২৮৪/৬/সাতক্ষীরা-১৫৭

তারিখঃ ১৬-০৭-২০১৯খ্রিঃ

বিষয়ঃ- অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

১)সূত্র: নং-বামাশিবো/প্রশা/২২১১৯১১৮৭১৫২/১৮২৫৩/নথি নং-১৫৭; তারিখ: ১৭/০৬/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলাধীন বেড়বাড়ী দাখিল মাদ্রাসার প্রতিষ্ঠাতা সদস্য ডক্টর মশিয়ুর রহমান একখানা অভিযোগ পত্র বোর্ডে দাখিল করেছেন। তাহার অভিযোগ পর্যালোচনায় দেখা যায়, উক্ত মাদ্রাসার ম্যানেজিং কমিটির সাবেক সভাপতি আলহাজ্ব লুৎফর রহমান ইন্তেকাল করার পর মো: মিজানুর রহমানকে পরবর্তী কমিটির সভাপতি নির্বাচিত করা হয়। সভাপতি মিজানুর রহমান ও সুপার মো: শাহাজাহান যোগসাজস করে কয়েক লক্ষ টাকার বিনিময়ে অভিযোগকারী (প্রতিষ্ঠাতা) কে না জানিয়ে কম্পিউটার অপারেটর পদে নিয়োগ দেয়। একইসাথে বোর্ড কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটিতে সভাপতি হিসেবে পুনরায় মিজানুর রহমানকে নির্বাচিত করা হয়েছে যা তার অগোচরে হয়েছে মর্মে অভিযোগে উল্লেখ করেছেন এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করেছেন। (কপি সংযুক্ত)

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সার্বিক বিষয়ে মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক..... পাতা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:

উপজেলা নির্বাহী অফিসার,
কলারোয়া, সাতক্ষীরা।

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১১৮৭১৫১/ ২২৮৪/৬/সাতক্ষীরা-১৫৭

তারিখঃ ১৬-০৭-২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, সাতক্ষীরা।
২. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কলারোয়া, সাতক্ষীরা।
৪. সুপার, বেড়বাড়ী দাখিল মাদ্রাসা।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪

২৬/৭/১৯